



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/মাধ্য/পনি/২০১৫/৪৬৭

তারিখঃ ০৮ ফেব্রুয়ারি, ২০১৫খ্রি.

বিষয়ঃ কারণ দর্শানোর বিজ্ঞপ্তি।

সূত্র : ০৭/০২/২০১৫ তারিখের দৈনিক দক্ষিণাঞ্চল পত্রিকার প্রতিবেদন।

সূত্র : ০৮/০২/২০১৫ তারিখের দৈনিক দক্ষিণাঞ্চল পত্রিকার প্রতিবেদন।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি, কেন্দ্রসচিব নলছিটি-১৯৫, এসএসসি পরীক্ষা কেন্দ্র ২০১৫, গত ০৬/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত বাংলা (আবশ্যিক) ১ম পত্রের পরীক্ষায় নলছিটি ডিগ্রি কলেজ ভেন্যুর ০১ নং কক্ষে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা শুরুর ১০ (দশ) মিনিট পরে প্রশ্নপত্র সরবরাহ করেছেন। এছাড়াও গত ০৭/০২/১৫ তারিখে অনুষ্ঠিত বাংলা (আবশ্যিক) ২য় পত্রের পরীক্ষায় একই ভেন্যুতে নতুন সিলেবাসের পরিবর্তে ৩১৪ (তিনশ চৌদ্দ) জন পরীক্ষার্থীদের মাঝে পুরাতন সিলেবাসের প্রশ্নপত্র বিতরণ করেছেন। পরীক্ষার নীতিমালা ভঙ্গ করার দায়ে কেন আপনার বিরুদ্ধে বিধিমতো ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং কেন নলছিটি-১৯৫ এসএসসি পরীক্ষাকেন্দ্র বাতিল করা হবে না- আগামী ১১/০২/২০১৫ তারিখের মধ্যে তার কারণ নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

 ২-১৫

মুহাম্মদ শাহ আলমগীর
পরীক্ষা নিয়ন্ত্রক

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল barisalboard@gmail.com

প্রাপক :
কেন্দ্রসচিব
নলছিটি- ১৯৫

অনুলিপি :
তত্ত্বাবধায়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি